গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-**২৭**

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

**পরিপত্র**

**বিষয়: উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers for Development Projects) অর্পন।**

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪ নং স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সংযুক্ত তালিকায় (সংযোজনী) বর্ণিত বিষয়সমূহের ব্যয় মঞ্জুরির জন্যই কেবল অর্থ বিভাগের সম্মতির প্রয়োজন হবে। এ স্মারকের সাথে সংযুক্ত তালিকায় বা ১৯/০১/২০২৬ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-২৮ নং স্মারকের সাথে সংযুক্ত তালিকায় অন্তর্ভুক্ত হয়নি এ রকম যে কোন বিষয়ে ব্যয় মঞ্জুরির জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহকে পূর্ণ ক্ষমতা অর্পণ করা হল। মন্ত্রণালয়/বিভাগসমূহ রুলস অব বিজনেস ১৯৯৬ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান, সংশ্লিষ্ট বিষয়ে জারিকৃত সরকারি আদেশ পালন সাপেক্ষে এ অর্পিত ক্ষমতা প্রয়োগ করবেন এবং প্রয়োজনে অর্থ বিভাগকে অবহিত করে তাদের অধীনস্থ কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে পুনঃঅর্পণ করতে পারবেন।

০২। আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।
০৩। ইতঃপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯/০১/২০২৬
(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
অর্থ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ........................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য (সকল), ...........................................................................বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা)........................................................।
৮। হিসাব মহানিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ............................................মন্ত্রণালয়/বিভাগ।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-**২৭**

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (এফএসএমইউ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২২.০১.২০২৬
(মোঃ তারিকুল ইসলাম খান)
যুগ্মসচিব (বাজেট-৪)
ফোনঃ ০২-৯৫১৪৪৬১
e-mail: tikhan@finance.gov.bd

D:\DOFP 2025\LETTER DOFP.DOC

**উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালকগণকে নিম্নবর্ণিতভাবে আর্থিক ক্ষমতা অর্পণ করা যেতে পারে মর্মে সুপারিশ করা হ'ল:**

<u>উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে অর্থ বিভাগে বিবেচনার জন্য প্রেরিতব্য বিষয়াবলীর তালিকা</u>

১. অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী অর্থ বিভাগের সম্মতি প্রয়োজন এমন সকল বিষয়।

২. উন্নয়ন প্রকল্পের জন্য জনবলের সংখ্যা ও ধরন নির্ধারণের প্রস্তাব।

৩. চলমান প্রকল্প সংশোধনের ক্ষেত্রে অতিরিক্ত জনবলের সংখ্যা ও ধরন নির্ধারণের প্রস্তাব।

৪. কোন উন্নয়ন প্রকল্পের আওতায় চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে (পরামর্শক ব্যতীত) খসড়া চুক্তিপত্র।

৫. ডিএসএল জমা/কর্তন, প্রতিরুপ তহবিল এবং অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তনের শর্ত পরিবর্তনের প্রস্তাব।

৬. চলমান/সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে ঋণ-ইক্যুইটি কাঠামোর পরিবর্তন, অর্থায়নের ধরন/ব্যবস্থা, বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রদত্ত ঋণকে অনুদান/ইক্যুইটিতে রুপান্তরের প্রস্তাব।

৭. ফি, ভাতাদির অনুমোদিত হার পরিবর্তন অথবা নতুন হার নির্ধারণ।

৮. উন্নয়ন প্রকল্পের আওতায় সরকারি কর্মচারিগণকে বিশেষ অথবা কষ্টসাধ্য কাজের জন্য সম্মানী মঞ্জুর।

৯. অগ্রিম, ইমপ্রেস্ট এবং ঘূর্ণায়মান তহবিল মঞ্জুরি (অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ এর অধীনে মঞ্জুরিকৃত স্থায়ী অগ্রিম, ভ্রমণ ব্যয় ও দৈনিক ভাতা অগ্রিম এবং অগ্রিম ব্যতীত) ।

১০. বিদ্যমান পুনঃউপযোজন ক্ষমতা অনুযায়ী অনুমোদিত ক্ষেত্রসমূহ ব্যতীত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সংস্থানকৃত অর্থের অতিরিক্ত বরাদ্দ মঞ্জুরি।

১১. উন্নয়ন প্রকল্পের আওতায় যানবাহন (মোটরযান, জলযান, আকাশযান ইত্যাদি) ক্রয়।

১২. স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের ক্ষেত্রে জিওবি/নিজস্ব অর্থে প্রকল্প গ্রহণের পূর্বে জিওবি অর্থায়নের ধরনসহ সম্মতি গ্রহণ।

১৩. উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের সাথে সম্পাদিত সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং অর্থায়ন চুক্তি (Financing Agreement)।